# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৮

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. উযূ বিনষ্টকারী বিষয় সমূহ - ইস্তিহাযার রক্ত উযূকে ভেঙ্গে দেয়

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: جَاءَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ إِلَى النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، إِنِّي امْرَأَةٌ أُسْتَحَاضُ فَلَا أَطْهُرُ, أَفَأَدَعُ الصَّلَاةَ? قَالَ: «لَا. إِنَّمَا ذَلِكَ عِرْقٌ, وَلَيْسَ بِحَيْضٍ, فَإِذَا أَقْبَلَتْ حَيْضَتُكِ فَدَعِي الصَّلَاةَ, وَإِذَا أَدْبَرَتْ فَاغْسِلِي عَنْكِ الدَّمَ, ثُمَّ صَلِّي». مُتَّفَقٌ عَلَيْهِ
وَلِلْبُخَارِيِّ: ثُمَّ تَوَضَّئِي لِكُلِّ صَلَاةٍ
وَأَشَارَ مُسْلِمٌ إِلَى أَنَّهُ حَذَفَهَا عَمْدًا

صحيح. رواه البخاري (328)، ومسلم (333)
(1/ 332/فتح)

বাংলা

৬৮। 'আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ফাতিমাহ বিনতে আবী হুবাইশ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর নিকট উপস্থিত হয়ে আরয করলেন, 'হে আল্লাহর রসূল! আমি একজন রক্ত-প্রদর রোগগ্রস্তা (ইস্তিহাযা) মহিলা। আমি কখনো পবিত্র হতে পারি না। এমতাবস্থায় আমি কি সালাত পরিত্যাগ করবো?' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ না, এতো শিরা হতে নির্গত রক্ত; হায়য নয়। তাই যখন তোমার হায়য আসবে তখন সালাত ছেড়ে দিও। আর যখন তা বন্ধ হবে তখন রক্ত ধুয়ে ফেলবে, তারপর সালাত আদায় করবে।[1]

বুখারীর ইবারতে আছে- "প্রতি ওয়াক্তের সালাত আদায়ের জন্য উযূ করে নিবে।[2]" ইমাম মুসলিম এ অংশটি স্বেচ্ছায় ছেড়ে দিয়েছেন বলে আভাস দিয়েছেন।

## English

Narrated ‘Aisha (rad):
Fatima bint Abu Hubaish came to the Prophet (ﷺ) and said, “O Messenger of Allah, I am a woman whose blood keeps flowing (even after the menstruation). I am never purified; should I, therefore, stop praying?” He (the Prophet) said: “No, for that is only a vein, and is not menstruation. So when the menstruation comes, abstain from prayers, and when it ends wash the blood from yourself and then pray”. [Agreed upon].

Al-Bukhari’s version adds:
“Then perform ablution for every prayer”.

and Muslim admitted that he dropped this addition deliberately.

ফুটনোট

[1] বুখারী (৩২৮); মুসলিম (৩৩৩)

[2] ফাতহুল বারী (১/৩৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69879

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন